

স্মারক নং ০৫.৪৩.৮১০০.০২০.০২.০০৪.২৪-১৩৬

তারিখঃ ১৭ ভাদ্র ১৪৩৩ বাংলা
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি:

সার ডিলার পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগের ২৭ আগস্ট ২০২৬ তারিখের ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ নং স্মারক মোতাবেক সার সরবরাহ ও ব্যবস্থাপনাকে আরও কার্যকরী করে কৃষকের দোরগোড়ায় যথাসময়ে নিরবিচ্ছিন্নভাবে সার সরবরাহ কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর আলোকে রাজশাহী জেলার নিম্নোক্ত ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনে রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বের ০২ টি বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন বিবেচনা করা হবে বিধায় পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

ক্র: নং	উপজেলা	ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনের নাম এবং সংখ্যা	মন্তব্য
০১	পবা	১. দামকুড়া ২. দর্শনপাড়া ৩. হজুরীপাড়া ৪. হরিপুর ৫. পারিলা ৬. হরিয়ান ৭. হড়গ্রাম ৮. বড়গাছি, ৯. নওহাটা পৌরসভা, ১০. কাটাখালী পৌরসভা = ১০ টি	রাজশাহী জেলার মোট ৭২ টি ইউনিয়ন, ১৪ টি পৌরসভা ও ০১ টি সিটি কর্পোরেশনে প্রতিটিতে ০১ জন করে রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে সর্বমোট ৮৭ জনকে সরকারী সার ডিলার নিয়োগ করা হবে।
০২	তানোর	১. কামারগাঁ ২. তালন্দ ৩. বাধাইর ৪. পৌচন্দ্র ৫. সরনজাই ৬. চাঁদুড়িয়া ৭. কলমা, ৮. তানোর পৌরসভা, ৯. মুন্ডুমালা পৌরসভা = ৯ টি	
০৩	মোহনপুর	১. রায়ঘাট ২. বাকশিমুইল ৩. ঘাসিগ্রাম ৪. জাহানাবাদ ৫. মৌগাছি ৬. ধুরইল, ৭. কেশরহাট পৌরসভা = ৭ টি	
০৪	বাগমারা	১. বাসুপাড়া ২. গোয়ালকান্দি ৩. ঝিকরা ৪. মাড়িয়া ৫. কাচারী কোয়ালিপাড়া ৬. শুভাঙ্গা ৭. গনিপুর ৮. হামিরকুংসা ৯. যোগীপাড়া ১০. আউচপাড়া ১১. গোবিন্দপাড়া ১২. নরদাশ ১৩. বড়বিহানালী ১৪. সোনাডাঙ্গা ১৫. শ্রীপুর ১৬. দ্বীপপুর ১৭. তাহেরপুর পৌরসভা ১৮. ভবানীগঞ্জ পৌরসভা = ১৮ টি	
০৫	দুর্গাপুর	১. নওপাড়া ২. কিসমতগণকৈড় ৩. পানানগর ৪. দেলুয়াবাড়ি ৫. ঝালুকা ৬. মাড়িয়া ৭. জয়নগর ৮. দুর্গাপুর পৌরসভা = ৮ টি	
০৬	পুঠিয়া	১. পুঠিয়া ২. শিলমাড়িয়া ৩. জিউপাড়া ৪. ভালুকগাছি ৫. বানেশ্বর ৬. বেলপুকুর ৭. পুঠিয়া পৌরসভা = ৭ টি	
০৭	গোদাগাড়ী	১. গোদাগাড়ী ২. বাসুদেবপুর ৩. মোহনপুর ৪. রিশিকুল ৫. চরআষাঢ়িয়াদহ ৬. দেওপাড়া ৭. গোগ্রাম ৮. পাকড়ি ৯. মাটিকাটা ১০. গোদাগাড়ী পৌরসভা ১১. কাকনহাট পৌরসভা = ১১ টি	
০৮	চারঘাট	১. ইউসুবপুর ২. চারঘাট ৩. ভায়ালক্ষিপুর্ ৪. শলুয়া ৫. সরদহ ৬. নিমপাড়া ৭. চারঘাট পৌরসভা = ৭ টি	
০৯	বাঘা	১. মনিগ্রাম ২. পাকুড়িয়া ৩. গড়গড়ি ৪. চকরাজাপুর ৫. আড়ানী ৬. বাউশা ৭. বাজুবাবা ৮. বাঘা পৌরসভা ৯. আড়ানী পৌরসভা = ৯ টি	
১০	রাজশাহী সিটি কর্পোরেশন	রাজশাহী সিটি কর্পোরেশন = ০১ টি	

শর্তাবলী :

(ক) সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা – ২০২৬ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্র (Cover Letter) সহ আবেদনপত্র দাখিল করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত ইউনিয়নের বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়নে কমপক্ষে ২৫ মে:টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিত্তি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে। খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনশক সংরক্ষণ করা যাবে না;
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসাবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

চলমান পাতা

৪. ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৫. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৬. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
৭. আবেদনকারীর টিআইএন থাকতে হবে এবং হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ দাখিল করতে হবে।

(ঘ) অযোগ্যতা:

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায় অনিয়ম/কোন ফৌজদারি বা অন্য কোন আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোন সরকারী / আধাসরকারী/স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠান / পাবলিক বিশ্ববিদ্যালয় / এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে / থাকতে পারবেন না।
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী অবিবাহিত কন্যা ও নির্ভলশীল ভাই ও বোন যারা একখানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(ঙ) একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী বরাবরে আবেদন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) এবং আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এবং নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

- (i) ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;
- (ii) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহীর দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



কাজী শহিদুল ইসলাম

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

এবং

জেলা প্রশাসক, রাজশাহী

ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

ই-মেইল dcrajshahi@mopa.gov.bd

